

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রকল্প বাস্তবায়ন ইউনিট (পিআইইউ): প্রাণিসম্পদ অংগ
ন্যাশনাল এগ্রিকালচারাল টেকনোলজি প্রোগ্রাম-ফেজ II প্রজেক্ট (এনএটিপি-২)
প্রাণিসম্পদ অধিদপ্তর, কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা।
Website: www.natpdl.gov.bd | Email: directornatp2dls@yahoo.com

স্মারক নং:- ৩৩.০১.০০০০.৭০৫.০২.০৭.১৮-১৩২০


তারিখ:- ৩১/১০/২০১৮ খ্রি:

বিষয়: পিএমইউ: এনএটিপি-২ কর্তৃক আয়োজিত এনএটিপি-২ প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা শীর্ষক আঞ্চলিক কর্মশালা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে সংশ্লিষ্টদের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে, আগামী ১৪ নভেম্বর ২০১৮ তারিখে পিএমইউ: এনএটিপি-২ কর্তৃক প্রকল্পের কার্যক্রম বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা শীর্ষক রাজশাহী ও রংপুর অঞ্চলের কর্মশালা পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়ায় অনুষ্ঠিত হবে। উক্ত কর্মশালায় প্রকল্পের শুরু থেকে জুন ২০১৮ পর্যন্ত অংগভিত্তিক প্রতিবেদন উপস্থাপিত হবে। উক্ত কর্মশালায় প্রাণিসম্পদ অঞ্চলের আওতায় রাজশাহী ও রংপুর বিভাগের সমন্বিত একক প্রতিবেদন প্রণয়নের সুবিধার্থে ২টি ছকপত্র এতদসঙ্গে সংযুক্ত করা হলো। প্রতি উপজেলা ছকপত্র-১ অনুযায়ী প্রতিবেদন তৈরি করে আগামী ০৪/১১/২০১৮ ইং তারিখের মধ্যে জেলায় প্রেরণ করতে হবে এবং ছকপত্র-২ অনুযায়ী আগামী ০৬/১১/২০১৮ ইং তারিখের মধ্যে উপজেলার তথ্যাদি সমন্বিত করে জেলার প্রতিবেদন তৈরির পূর্বক সংশ্লিষ্ট বিভাগীয় অফিসে প্রেরণ করতে হবে। জেলার ন্যায় একই ছকপত্র অর্থাৎ ছকপত্র-২ অনুযায়ী বিভাগের অন্তর্ভুক্ত জেলা সমূহের তথ্যাদি সমন্বিত করে সংশ্লিষ্ট বিভাগের প্রতিবেদন আগামী ০৮/১১/২০১৮ ইং তারিখের মধ্যে তৈরি করতে হবে। দুইটি বিভাগের তৈরিকৃত প্রতিবেদন সমন্বিত করে একক উপস্থাপনা PowerPoint-এ প্রস্তুতপূর্বক কর্মশালায় উপস্থাপন করতে হবে।

উক্ত কর্মশালায় প্রাণিসম্পদ অঞ্চলের কর্মকর্তা যথাযথভাবে উপস্থাপন সংশ্লিষ্ট কর্মকর্তাদের আন্তরিক সহযোগিতা একান্তভাবে কামনা করছি।

সংযুক্তি: ছকপত্র-১ এবং ছকপত্র-২।


ডাঃ মনজুর মোহাম্মদ শাহজাদা
পরিচালক
প্রকল্প বাস্তবায়ন ইউনিট (পিআইইউ): প্রাণিসম্পদ অংগ
ন্যাশনাল এগ্রিকালচারাল টেকনোলজি প্রোগ্রাম
ফেজ II প্রজেক্ট (এনএটিপি-২)
প্রাণিসম্পদ অধিদপ্তর, ফার্মগেট, ঢাকা-১২১৫।

জ্ঞাতার্থে ও কার্যার্থে:

- ১। উপপরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর, রংপুর: আগামী ০৮/১১/২০১৮ ইং তারিখের মধ্যে সংযুক্ত ছকপত্র-২ অনুযায়ী জেলার তথ্যাদি সমন্বিত করে বিভাগের প্রতিবেদন তৈরি এবং একই সাথে রাজশাহী বিভাগের প্রতিবেদনের সাথে সমন্বিত করে কর্মশালায় একক উপস্থাপনা প্রদানের জন্য অনুরোধ করা হলো।
- ২। উপপরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর, রাজশাহী: আগামী ০৮/১১/২০১৮ ইং তারিখের মধ্যে সংযুক্ত ছকপত্র-২ অনুযায়ী জেলার তথ্যাদি সমন্বিত করে বিভাগের প্রতিবেদন উপ পরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর, রংপুরকে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
- ৩। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ----- (এনএটিপি-২ ভুক্ত রাজশাহী ও রংপুর বিভাগের ১৩টি জেলা): সংযুক্ত ছকপত্র-২ অনুযায়ী উপজেলার তথ্যাদি সমন্বিত করে আগামী ০৬/১১/২০১৮ ইং তারিখের মধ্যে বিভাগীয় অফিসে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
- ৪। উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ----- (এনএটিপি-২ ভুক্ত রাজশাহী ও রংপুর বিভাগের ৬৯ টি উপজেলা): সংযুক্ত ছকপত্র-১ অনুযায়ী উপজেলার প্রতিবেদন আগামী ০৪/১১/২০১৮ ইং তারিখের মধ্যে জেলায় প্রেরণের জন্য অনুরোধ করা হলো এবং উপজেলার প্রতিবেদনের ১টি অনুলিপি menatpdl@gmail.com-এ প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

সদয় অবগতির জন্য অনুলিপি:

- ১। মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ২। পরিচালক (সম্প্রসারণ), প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।